বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

বিসিএস প্রশাসন
# একাডেমি বার্তা

মুজিব শতবর্ষ MUJIB 100

www.bcsadminacademy.gov.bd

জুলাই-সেপ্টেম্বর সংখ্যা ২০২১




১১৯তম ও ১২০তম আইন ও প্রশাসন কোর্সের সনদ প্রদান ও সমাপনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী

## মাঠ পর্যায়ে গিয়ে জনগণের সেবক হিসেবে কাজ করতে হবে

১১৯তম ও ১২০তম আইন ও প্রশাসন কোর্সের সনদ প্রদান ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে গণভবন হতে ভার্চুয়ালি সংযুক্ত হন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি আইন ও প্রশাসন কোর্সের নবীন কর্মকর্তাদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রশিক্ষণার্থীদের উদ্দেশে বলেন,

আপনারা প্রজাতন্ত্রের কর্মচারী হিসেবে দায়িত্ব পালন করছেন। আপনাদের কর্তব্য সম্পর্কে আপনারা অবহিত হয়েছেন। এখন মাঠপর্যায়ে গিয়ে জনগণের সেবক হিসেবে আপনাদেরকে কাজ করতে হবে। আমাদের মহান মুক্তিযুদ্ধের লক্ষ্যই ছিল শোষিত-বঞ্চিত বাঙালি জাতির মুক্তি। আর এই মুক্তির জন্যই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জীবন উৎসর্গ করেছিলেন।

আজ স্বাধীন রাষ্ট্রে আপনারা প্রশিক্ষণ নিয়েছেন। রাষ্ট্রের বিভিন্ন দায়িত্ব পালন করছেন। এই করোনাকালে আপনারা যারা প্রশিক্ষণ নিয়েছেন, প্রশিক্ষণ দিয়েছেন এবং প্রশিক্ষণের আয়োজন করেছেন তাদের প্রত্যেককে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। করোনা আমাদেরকে থামিয়ে দিতে পারেনি–আমরা এগিয়ে যাচ্ছি। আপনারা সদ্য শিক্ষাজীবন শেষ করে প্রজাতন্ত্রের কর্মচারী হিসেবে দায়িত্ব পালন করছেন, আপনাদের কর্তব্য সম্পর্কে আপনারা অবহিত হয়েছেন। এখন মাঠপর্যায়ে গিয়ে আপনাদেরকে কাজ করতে হবে জনগণের সেবক হিসেবে।

> বাংলাদেশের সংবিধান অনুযায়ী সরকারি কর্মচারীগণ সার্বক্ষণিকভাবে জনগণের সেবা প্রদানে বাধ্য। আমি আশা করি আপনারা সাংবিধানিক এই দায়বদ্ধতার প্রতি অবিচল থাকবেন

প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশের সংবিধানের ২১(২) অনুচ্ছেদ অনুযায়ী সরকারি কর্মচারীগণ সার্বক্ষণিকভাবে জনগণের সেবা প্রদানে বাধ্য। আমি আশা করি আপনারা সাংবিধানিক এই দায়বদ্ধতার প্রতি অবিচল থাকবেন। আমি জানি আজকের প্রযুক্তি বিষয়ে আপনারা অনেক দক্ষ। যে সুযোগ আমাদের ছিল না। এখন পৃথিবীটা হাতে মুঠোয়। প্রযুক্তির যুগে পৃথিবীর যে কোন তথ্য পেতে পারেন। কাজেই সেখানে আপনাদের আরও বেশি কাজ করার সুযোগ রয়েছে। আপনাদের মেধা দিয়ে স্ব-স্ব কর্মস্থলে মানুষের ভাগ্য পরিবর্তনে কী কী করণীয় সেটা ঠিক করতে হবে। আমি দীর্ঘমেয়াদী পরিকল্পনা করতে চাই। শুধু তাৎক্ষণিক কাজ করার জন্য নয়–বাংলাদেশের ভবিষ্যৎ কী হবে, তার কিছু পরিকল্পনা আমরা তৈরি করেছি।

প্রধানমন্ত্রী আরও বলেন, জাতিসংঘ যে এমডিজি ঘোষণা দিয়েছিল তার সাথে সামঞ্জস্য রেখে আমাদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা, যেটা জাতির পিতা শুরু করেছিলেন। আমরা সেভাবে পঞ্চবার্ষিক পরিকল্পনার পাশাপাশি দীর্ঘমেয়াদী পরিকল্পনা, ১০ বছর মেয়াদী পরিকল্পনা প্রণয়ন নিয়ে এগিয়ে যেতে চাই। আমরা আজ ২০২১ সালে এসে উন্নয়নশীল দেশের মর্যাদা পেয়েছি। এই মর্যাদা আমাদের ধরে রাখতে হবে। এখন আমরা ২০৪১ সালের প্রেক্ষিত পরিকল্পনা প্রণয়ন করেছি এবং তারই ভিত্তিতে আমরা একটা পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন করে কাজ করে



মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন এমপি প্রশিক্ষণার্থীদের ক্রেস্ট প্রদান করেন



শপথ পাঠ করছেন আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ

যাচ্ছি। এখন আমরা অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাস্তবায়ন করছি। এরপরেও ৯ম, ১০ম পরিকল্পনা আমাদের করতে হবে। ২০৪১ সালে উন্নত বাংলাদেশ আজকের নবীন অফিসার যারা আছেন তাদেরই করতে হবে। সেভাবে আপনাদের তৈরি হতে হবে। সামনে ২০৭১-এর বাংলাদেশ স্বাধীনতার শতবর্ষ। দেশকে কীভাবে উন্নত করবো, সেটা মাথায় রেখে ২১০০ সাল পর্যন্ত ডেল্টা প্ল্যান আমরা করে দিয়েছি। এই ভূ-খণ্ডের মানুষ ভবিষ্যতে কীভাবে একটা সুন্দর জীবন পায়, তার পরিকল্পনাগুলো আমি তৈরি করে গেলাম। আপনারা আইনের যথাযথ প্রয়োগের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠায় নিবেদিত থাকবেন।

সমাপনী ও সনদ প্রদান অনুষ্ঠানে বিসিএস প্রশাসন একাডেমি প্রান্তে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের মননীয় প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব কে এম আলী আজম, বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) মোমিনুর রশিদ আমিন, একাডেমির অনুষদ সদস্যবৃন্দ এবং ১১৯তম ও ১২০তম আইন ও প্রশাসন কোর্সের ৭৮ জন প্রশিক্ষণার্থী।

অনুষ্ঠানের প্রথম অংশে প্রশিক্ষণার্থীদের শপথবাক্য পাঠ করান বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন। মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে মেধাতালিকায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয়স্থান অর্জনকারী প্রশিক্ষণার্থীদের হাতে সনদ ও ক্রেস্ট তুলে দেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন এমপি। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব জনাব কে এম আলী আজম প্রশিক্ষণার্থীদের সনদ বিতারণ করেন। এছাড়াও জনপ্রশাসন প্রতিমন্ত্রী, জনপ্রশাসন সচিব এবং বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর ১১৯তম ও ১২০তম আইন ও প্রশাসন কোর্সের পৃথক দুইটি স্যুভেনিরের মোড়ক উন্মোচন করেন।




## পাবলিক প্রকিউরমেন্ট বিষয়ক সংক্ষিপ্ত প্রশিক্ষণ

বিসিএস প্রশাসন একাডেমিতে আইটিসি-আইএলও-এর পৃষ্ঠপোষকতায় ২ অক্টোবর থেকে ৪ অক্টোবর সিভিল সার্ভিস কর্মকর্তাদের জন্য তিন দিনব্যাপী পাবলিক প্রকিউরমেন্ট বিষয়ক সংক্ষিপ্ত প্রশিক্ষণ (এস-টু)-এর আয়োজন করা হয়। প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধন করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন। তিনটি কোর্সে ২৬ জন করে মোট ৭৮ জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেন।



বক্তব্য রাখেন পরিকল্পনা মন্ত্রণালয়ের
মাননীয় মন্ত্রী জনাব এম.এ.মান্নান এমপি



প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ক পর্যালোচনা সভায় বক্তব্য রাখেন
মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম

# প্রকল্প ব্যবস্থাপনা শীর্ষক পর্যালোচনা সভা

বিসিএস প্রশাসন একাডেমিতে ৭ আগস্ট ২০২১ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের আয়োজনে 'প্রকল্প ব্যবস্থাপনা' শীর্ষক পর্যালোচনা সভার আয়োজন করা হয়। এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব এম.এ.মান্নান এমপি, বিশেষ অতিথি ছিলেন পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ড. শামসুল আলম। সভাপতিত্ব করেন মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম। সভায় উপস্থিত ছিলেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন। পর্যালোচনা সভায় ২৩ জন সিনিয়র সচিব, সচিব ও গ্রেড-১ পদমর্যদার কর্মকর্তা এবং বিভিন্ন বিভাগ ও দপ্তরের প্রধানসহ ৬৫ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। এছাড়াও মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিবগণ সভায় উপস্থিত ছিলেন। পর্যালোচনা সভায় সর্তকতার সাথে এবং সমন্বিত আকারে সব অংশীজনদের নিয়ে প্রকল্প সম্ভাব্যতা যাচাইয়ের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। প্রকল্প প্রস্তাব প্রদানের ক্ষেত্রে দীর্ঘমেয়াদী পরিপ্রেক্ষিত বিবেচনায় রাখারও নির্দেশনা দেয়া হয়। পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়নে আর্থিক ব্যয় যৌক্তিক পর্যায়ে রেখে নির্দিষ্ট সময়ের মধ্যে ব্যয় বৃদ্ধি না করে প্রকল্প সমাপ্তির জন্য সবাইকে অনুরোধ করা হয়। সভাটি স্বাস্থ্যবিধি মেনে অনুষ্ঠিত হয়। বিসিএস প্রশাসন একাডেমি ভেন্যু ব্যবস্থাপনার দায়িত্ব পালন করে।



বিসিএস প্রশাসন একাডেমিতে মন্ত্রিপরিষদ বিভাগের আয়োজনে প্রকল্প ব্যবস্থাপনা শীর্ষক
পর্যালোচনা সভার অংশগ্রহণকারী কর্মকর্তাবৃন্দ



টুঙ্গিপাড়ায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেন নবনিযুক্ত রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন



ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন নবনিযুক্ত রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন এবং অনুষদ সদস্যবৃন্দ

## বিদায়ী রেক্টর বদরুন নেছা




বিসিএস প্রশাসন একডেমির বিদায়ী রেক্টর বদরুন নেছা ১৯৬২ সালে নরসিংদী জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ১৯৮৬ ব্যাচের বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন ক্যাডারে কর্মকর্তা। মাঠ প্রশাসন ও মন্ত্রণালয়ে বিভিন্ন পদে সফলভাবে দায়িত্ব পালন করেন। ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে বিসিএস প্রশাসন একাডেমিতে রেক্টর (সচিব) হিসেবে যোগদান করেন এবং ২৭ জুন ২০২১ তারিখে একই পদ হতে অবসর গ্রহণ করেন।



নবনিযুক্ত রেক্টর মোমিনুর রশিদ আমিনকে ফুল দিয়ে বরণ করেন একাডেমির অনুষদ সদস্যবৃন্দ

## নবনিযুক্ত রেক্টর মোমিনুর রশিদ আমিন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব জনাব মোমিনুর রশিদ আমিন ২৮ জুন ২০২১ তারিখে বিসিএস প্রশাসন একাডেমির 'রেক্টর' (সচিব) হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। তিনি ১০ম বিসিএস (প্রশাসন) ক্যাডারের সদস্য।

জনাব মোমিনুর রশিদ আমিন কক্সবাজার জেলার রামু উপজেলার জোয়ারিয়ানালা গ্রামে ১৯৬৪ সালে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ইন্সটিটিউট অফ ফরেস্ট্রি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে চার বছর মেয়াদি বিএসসি (অনার্স) ইন ফরেস্ট্রি ডিগ্রি এবং পরবর্তীতে ফিনান্সে এমবিএ ডিগ্রি অর্জন করেন।

তিনি সহকারী কমিশনার, সহকারী কমিশনার (ভূমি), উপজেলা নির্বাহী অফিসার, অতিরিক্ত জেলা প্রশাসক, অতিরিক্ত বিভাগীয় কমিশনার হিসেবে মাঠপর্যায়ে দায়িত্ব পালন করেন। তিনি গত ১৬ অক্টোবর ২০১৯ তারিখ হতে ২৪ জুন ২০২১ পর্যন্ত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করেন।

'রেক্টর' হিসেবে তাঁর প্রত্যাশা– একাডেমির অনুষদ সদস্যবৃন্দ তাঁদের সর্বোচ্চ প্রচেষ্টা ও আন্তরিকতার মাধ্যমে সিভিল সার্ভিসের প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণকে ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবেলায় যোগ্য কর্মকর্তা হিসেবে গড়ে তুলতে বরাবরের ন্যায় বদ্ধপরিকর থাকবেন। দ্রুত বদলে যাওয়া পৃথিবীর সাথে তাল মিলিয়ে ভবিষ্যতের অনুমিত অবশ্যম্ভাবী পরিবর্তন, প্রযুক্তির বিস্তার, সেবা গ্রাহকদের চাহিদা, জনসেবার প্রকৃতি, বেগময়তা, ৪র্থ শিল্প বিপ্লব, আর্টিফিশিয়াল ইন্টিলিজেন্স, ই-গভর্নেন্স, ডিজিটাল ল্যান্ড ম্যানেজমেন্ট, ডাটা-লিডারশিপ, বৈশ্বিক জলবায়ু পরিবর্তন, বিভিন্ন ধরণের দুর্যোগসহ বহুমুখী চ্যালেঞ্জ মোকাবেলায় জ্ঞানে ও দক্ষতায় দূরদৃষ্টিসম্পন্ন প্রশিক্ষিত জনবান্ধব সিভিল সার্ভেন্ট হিসেবে গড়ে তুলে ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ বাংলাদেশ গড়তে বিসিএস প্রশাসন একাডেমি মুখ্য ভূমিকা পালন করবে।

## ফিটলিস্টভুক্ত ইউএনওদের ৩৬তম ওরিয়েন্টেশন কোর্সে অতিথি বক্তাগণ



ইউএনও ওরিয়েন্টেশন কোর্সে ক্লাস নিচ্ছেন স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব জনাব হেলালুদ্দীন আহমদ



ইউএনও ওরিয়েন্টেশন কোর্সে ক্লাস নিচ্ছেন নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী



ইউএনও ওরিয়েন্টেশন কোর্সে ভূমি ব্যবস্থাপনা বিষয়ে ক্লাস নিচ্ছেন ভূমি সচিব জনাব মোঃ মোস্তাফিজুর রহমান পিএএ



ইউএনও ওরিয়েন্টেশন কোর্সে ক্লাস নিচ্ছেন আশ্রয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ মাহবুব হোসেন


# ফিটলিস্টভুক্ত ইউএনওদের ৩৬তম ওরিয়েন্টেশন কোর্স

বিসিএস প্রশাসন একাডেমিতে ফিটলিস্টভুক্ত ইউএনওদের ৩৬তম ওরিয়েন্টেশন কোর্সের প্রশিক্ষণ কার্যক্রম গত ১২ সেপ্টেম্বর ২০২১ থেকে ২৩ সেপ্টেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) হিসেবে পদায়নের লক্ষ্যে সিনিয়র সহকারী সচিব পর্যায়ের ২০ জন কর্মকর্তা এতে প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন। মাঠ পর্যায়ের বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবেলায় ও জনবান্ধব জনপ্রশাসন গড়ে তোলার লক্ষ্যে জেলা পরিষদের গঠন, কার্যক্রম, ইউএনওদের দায়িত্ব, কৃষি ও অকৃষি খাস জমি এবং অন্যান্য সরকারি সম্পত্তি বন্দোবস্ত, হাট-বাজারের পেরিফেরি ও জলমহাল ব্যবস্থাপনা, দরিদ্র ও ভূমিহীনদের জন্য সরকারের পুনর্বাসন কর্মসূচি যেমন আশ্রয়ণ, আবাসন, আদর্শ গ্রাম, গুচ্ছগ্রাম এবং জলবায়ু দুর্গত মানুষের পুনর্বাসন প্রকল্পের বাস্তবায়ন ও তদারকি, মোবাইল কোর্ট পরিচালনা সহ বিভিন্ন বিষয় এই প্রশিক্ষণ কার্যক্রমে অন্তর্ভুক্ত ছিল। সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদ বিতরণ করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন। সমাপনী ও সনদ প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ (উন্নয়ন ও গবেষণা) ড. মোঃ জাহাঙ্গীর আলম, মেম্বার ডিরেক্টিং স্টাফ (প্রশাসন ও প্রশিক্ষণ) মোঃ মাহবুব-উল-আলম, ফিটলিস্টভুক্ত ইউএনওদের ৩৬তম ওরিয়েন্টেশন কোর্সের কোর্স ডিরেক্টর ড. মোল্লা মাহমুদ হাসান এবং বিসিএস প্রশাসন একাডেমির অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ।




প্রশিক্ষণার্থীকে সনদ প্রদান করছেন একাডেমির রেক্টর জনাব মোমিনুর রশিদ আমিন





আইন ও প্রশাসন কোর্সের উন্মুক্ত অধিবেশনে ক্লাস নিচ্ছেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া

## আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের অতিথি রজনী

১১৯তম ও ১২০তম আইন ও প্রশাসন কোর্সের সাংস্কৃতিক আয়োজন অতিথি রজনী অনুষ্ঠিত হয় ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখে। এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিসিএস প্রশাসন



বাল্যবিবাহ প্রতিরোধে প্রশাসন ক্যাডারের ভূমিকা বিষয়ক নাটক মঞ্চস্থ করেন ১১৯তম ও ১২০তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষনার্থীরা

একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন।

অনুষ্ঠানে গান, আবৃত্তি, মাইম ও নৃত্য পরিবেশন করেন ১১৯তম ও ১২০তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীরা। বাল্যবিবাহ প্রতিরোধে প্রশাসন ক্যাডারের ভূমিকাবিষয়ক সচেতনতামূলক নাটক মঞ্চস্থ হয়। এছাড়াও অতিথি রজনীতে প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণের স্পাউজগনও আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত থেকে সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন। কোর্সের সর্বশেষ এ আয়োজনে প্রধান অতিথি বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের জন্য প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণেকে ধন্যবাদ ও আগামী কর্মজীবনের জন্য শুভকামনা জানান।

## কনসালটেশন ফেসিলিটেশন এন্ড ম্যানেজমেন্ট টেকনিক বিষয়ক সংক্ষিপ্ত অনলাইন প্রশিক্ষণ

বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমিতে ১৯ জুন থেকে ২০ জুন ২০২১ তৃতীয় কনসালটেশন ফেসিলিটেশন এন্ড ম্যানেজমেন্ট টেকনিক শীর্ষক দুই দিনের সংক্ষিপ্ত অনলাইন প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। মন্ত্রিপরিষদ বিভাগের P4D প্রজেক্টের আওতায় এবং ইউরোপীয় ইউনিয়নের সহযোগিতায় দুই দিনব্যাপী এ প্রশিক্ষণ আয়োজন করে বিসিএস প্রশাসন একাডেমি। প্রশিক্ষণ উদ্বোধন করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন। উদ্বোধনী আয়োজনে আরো সংযুক্ত ছিলেন মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব গোলাম ফারুক, P4D প্রজেক্টের টিম লিডার (কনসালটেন্ট লিড) আর্সান স্টিফানিয়ান, বিসিএস প্রশাসন একাডেমির এমডিএস মোঃ মাহবুব-উল-আলম এবং একাডেমির অনুষদ সদস্যবৃন্দ।



অনলাইন প্রশিক্ষণে সংযুক্ত প্রশিক্ষণার্থীবৃন্দ




# BSMAPA-এর চাহিদামালা নিরূপণ শীর্ষক কর্মশালা

বিসিএস প্রশাসন একাডেমিতে বঙ্গবন্ধু শেখ মুজিব একাডেমি অফ পাবলিক এডমিনিস্ট্রেশন (BSMAPA) এর চাহিদামালা নিরূপণ শীর্ষক কর্মশালা আয়োজন করা হয় ৪ সেপ্টেম্বর ২০২১ তারিখে। এ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমদ কায়কাউস। বিশেষ অতিথি ছিলেন পানিসম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব কবির বিন আনোয়ার এবং অর্থ বিভাগের সিনিয়র সচিব জনাব আবদুর রউফ তালুকদার। ধারণাপত্র উপস্থাপন করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) মোমিনুর রশিদ আমিন। কর্মশালায় সভাপতিত্ব করেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব কে এম আলী আজম। কর্মশালায় বিভিন্ন মন্ত্রণালয়-বিভাগের শীর্ষ পর্যায়ের কর্মকর্তাগণ, বিসিএস প্রশাসন ক্যাডারের বিভিন্ন ব্যাচের কর্মকর্তাগণ এবং বিশেষজ্ঞগণ অংশগ্রহণ করেন।

উক্ত কর্মশালায় অংশগ্রহণকারীগণ ০৭ টি গ্রুপে বিভক্ত হয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব একাডেমি অফ পাবলিক এডমিনিস্ট্রেশনের ভৌত অবকাঠামো, প্রশিক্ষণ, পরিবেশ ও প্রতিবেশ, মানবসম্পদ ব্যবস্থাপনা, গবেষণা ও প্রকাশনা, তথ্যপ্রযুক্তি ব্যবস্থাপনা এবং সেবা সম্পর্কিত চাহিদামালা প্রণয়ন করেন।



কর্মশালায় অংশগ্রহণকারীদের দলীয় আলোচনা



কর্মশালায় বক্তব্য প্রদান করছেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমদ কায়কাউস

বঙ্গবন্ধু শেখ মুজিব একাডেমি অফ পাবলিক এডমিনিস্ট্রেশন নির্মাণে সিঙ্গাপুর, মালয়েশিয়া, ভারতসহ বিভিন্ন দেশের পাবলিক এডমিনিস্ট্রেশন ট্রেনিং সেন্টারগুলোর অভিজ্ঞতা এবং ধারণাকে কাজে লাগানো হবে। এটি যাতে প্রশাসন ক্যাডারের সদস্যদের ট্রেনিং এর পাশাপাশি আন্তজার্তিক মানের ট্রেনিং হাবে রূপান্তরিত হয় সে ধরনের প্রাতিষ্ঠানিক ও অবকাঠামোগত সুযোগ-সুবিধা এবং বৈশিষ্ট্যসমূহ এই একাডেমিতে সন্নিবেশ করা হবে।



## জাতীয় শোক দিবসে আলোচনা সভা

বিসিএস প্রশাসন একাডেমিতে ১৫ই আগস্ট ২০২১ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৬তম শাহাদতবার্ষিকী উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা করা হয়। উক্ত আয়োজনে প্রধান অতিথি ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন এমপি। মুখ্য আলোচক ছিলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক ড. কামাল আবদুল নাসের চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব কে এম আলী আজম, সিনিয়র সচিব জনপ্রশাসন মন্ত্রণালয় এবং বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের রেক্টর (সচিব) মোঃ মনজুর হোসেন। বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন আলোচনা সভায় সভাপতিত্ব করেন।

যোহরের নামাজের পরে একাডেমির পক্ষ থেকে দোয়া মাহফিলের আয়োজন করা হয় এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের শাহাদাতবরণকারী সব সদস্যের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হয়। শোক দিবসের প্রথমভাগে জনপ্রশাসন মাননীয় প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব কে এম আলী আজম, বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন, বিসিএস প্রশাসন একাডেমির অনুষদবৃন্দ এবং কর্মকর্তা-কর্মচারীগণ জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন।

## মোবাইল কোর্ট পরিচালনার জন্য এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণের বিশেষ প্রশিক্ষণ কোর্স

বিসিএস প্রশাসন একাডেমিতে ১২ সেপ্টেম্বর ২০২১ হতে ২৫ সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত বিভিন্ন দপ্তর, অধিদপ্তর ও সংস্থায় কর্মরত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটদের মোবাইল কোর্ট পরিচালনার জন্য বিশেষ প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট হিসেবে বিভিন্ন দপ্তর/সংস্থায় কর্মরত ১৮ জন কর্মকর্তা এই প্রশিক্ষণ গ্রহণ করেন।

সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদ বিতরণ করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন। সমাপনী ও সনদ প্রদান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেম্বার ডিরেক্টিং স্টাফ (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব মোঃ মাহবুব-উল-আলম। বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ (উন্নয়ন ও গবেষণা) ড. মোঃ জাহাঙ্গীর আলম প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে বক্তব্য প্রদান করেন।



প্রশিক্ষণার্থীকে সনদ প্রদান করছেন একাডেমির রেক্টর (সচিব) জনাব মোমিনুর রশিদ আমিন


**বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি**
শাহবাগ, ঢাকা-১০০০
www.bcsadminacademy.gov.bd
ফোন : +৮৮ (০২) ৫৫১৬৫৯০১
ফ্যাক্স : +৮৮ (০২) ৫৫১৬৫৯২২
ই-মেইল : ddrp@bcsadminacademy.gov.bd

**প্রকাশনা কমিটি**

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | মোমিনুর রশিদ আমিন, রেক্টর (সচিব), বিসিএস প্রশাসন একাডেমি |
| **সম্পাদক** | : | ড. মো: জাহাঙ্গীর আলম, মেম্বার ডিরেক্টিং স্টাফ (উন্নয়ন ও গবেষণা) |
| **সদস্য** | : | ড. মোঃ জিয়াউল হক, যুগ্মসচিব, সিপিটি, জনপ্রসাশন মন্ত্রণালয় |
| | : | ড. মোল্লা মাহমুদ হাসান, পরিচালক (গবেষণা ও প্রকাশনা) |
| | : | ইলিয়া সুমনা, পরিচালক (আইসিটি) ও পরিচালক (প্রশিক্ষণ) |
| | : | ড. কে এম কামরুজ্জামান সেলিম, পরিচালক (প্রশাসন) |
| **সদস্য সচিব** | : | ড. মঈন উদ্দিন, উপপরিচালক (গবেষণা ও প্রকাশনা) |
| **বাস্তবায়নে** | : | তানিয়া মুন, প্রকাশনা কর্মকর্তা (সহকারী সচিব) |
| **প্রকাশকাল** | : | অক্টোবর ২০২১ |